


## প্রত্যাশিত পরিবর্তন হচ্ছে কিনা জানা ও ফিডব্যাক প্রক্রিয়াটি দ্বিপাক্ষিক করা

- প্রকল্প মেয়াদকালে যতবার সম্ভব প্রকল্পের কার্যকারিতা ও ইতিবাচক পরিবর্তন যাচাই করতে জনগণের সাথে মতামত বিনিময় করুন।
- সর্বস্তরের জনগণের মতামত জানতে নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি, পেশাভিত্তিক দলসমূহ, আদিবাসী, ভৌগোলিকভাবে অধিক ঝুঁকিপূর্ণ স্থানে বসবাসকারী এবং সামাজিকভাবে উপেক্ষিত জনগনের সাথে আলাদা আলাদাভাবে আলোচনা করুন।
- জনগণের সাথে গঠনমূলকভাবে আলোচনা করার লক্ষ্যে আলোচনার উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে প্রশ্নপত্র তৈরি করুন।
- প্রত্যাশিত ইতিবাচক পরিবর্তনের সূচক বা পরিমাপকের আলোকে প্রকল্পের কার্যকারিতা, ফলাফল বা প্রভাবকে বিশ্লেষণ করে প্রকল্প বাস্তবায়নের ঘাটতি অর্থাৎ যে কাজগুলো ফলপ্রসু অবদান রাখছে না সেগুলোকে চিহ্নিত করুন।
- অনিয়ম, দুনীতি, নিপীড়ন অথবা প্রতারণার মত স্পর্শকাতর অভিযোগগুলো জানতে পদক্ষেপ নিন।
- জনগণ কিভাবে অভিযোগ জানাবে এবং কিভাবে অভিযোগগুলোর সাড়া দেয়া হবে সে সম্পর্কে জনগণকে অবগত করুন।
- যতবার সম্ভব কমিটি, ক্ষতিগ্রস্ত জনগণ এবং গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের কাছে প্রতিবেদন প্রদান করুন।
- সম্ভব হলে আলোচিত্রি, চলচিত্র এবং প্রদর্শনীর মাধ্যমে প্রকল্পের শুরু থেকে যেসব পরিবর্তন হয়েছে সেগুলো প্রদর্শন করুন।



‘গুড এনাফ গাইড’ সম্পর্কে বিস্তারিত জানতে  
[www.ecbproject.org](http://www.ecbproject.org)  
লিংক অনুসরণ করুন।

## ফিডব্যাকের ভিত্তিতে প্রকল্পের প্রভাব উন্নয়ন করা

- দ্বিপাক্ষিক ফিডব্যাক প্রক্রিয়ার মাধ্যমে পাওয়া তথ্য প্রকল্পের সিদ্ধান্ত গ্রহণ এবং পরিবর্তন জানাতে ব্যবহার করুন।
- দ্বিপাক্ষিক ফিডব্যাক প্রক্রিয়ার মাধ্যমে চিহ্নিত প্রকল্পের ঐসব কার্যক্রম যা ফলপ্রসু অবদান রাখতে ব্যর্থ হয়েছে সেগুলো সংশোধনের মাধ্যমে প্রকল্প উন্নয়ন করুন।
- প্রকল্প থেকে অর্জিত অভিজ্ঞতা বিনিময়ের জন্য লেসেনস লার্নড সভা আয়োজন করুন এবং সভায় উপকারভোগীদের আমন্ত্রণ জানান।
- প্রকল্পের ফলে কী গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে এবং তার কারণ আলোচনা করুন।
- জনগণের সাথে প্রকল্পের সফলতা, অর্জিত শিখন এবং জনগণের অবদান নিয়ে আলোচনা করুন।

## জরুরী কার্যক্রমের প্রভাব পরিমাপ এবং জবাবদিহিতা

### মাঠকর্মীর করণীয়



পরিকল্পনা ও প্রকাশনা  
ইমার্জেন্সি ক্যাপাসিটি বিল্ডিং প্রজেক্ট (ইসিবি)  
বাংলাদেশ কনসটিউয়াম



ECB || Emergency Capacity  
Building Project

## প্রকল্পের প্রতিটি পর্যায়ে জনগণকে সম্পৃক্ত করা

- প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত প্রতিটি পর্যায়ে জনগণকে তথ্য সরবরাহ করুন। তথ্য সরবরাহের ক্ষেত্রে নিচের বিষয়গুলো গুরুত্ব দিন-
  - প্রকল্প পরিকল্পনা ও জনগণের অধিকার
  - সংস্থা, সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য
  - প্রকল্পটি কি ও কাদের জন্য
  - কিভাবে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে
  - প্রকল্প বাস্তবায়নে জনগণের ভূমিকা।
- জনগণকে তথ্য জানাতে সর্বস্তরের জনগণের অংশগ্রহণে প্রকল্প পরিচিতি সভা আয়োজন করুন।
- স্থানীয় ভাষা ও মাধ্যম (মাইকিং, নোটিশ বোর্ড, ঢোল পেটানো) ব্যবহার করে তথ্য সরবরাহ করুন।
- লক্ষ্য রাখুন কোন অবস্থাতেই নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি, পেশাভিত্তিক দলসমূহ, আদিবাসী, ভৌগোলিকভাবে অধিক ঝুঁকিপূরণ স্থানে বসবাসকারী এবং সামাজিকভাবে উপেক্ষিত জনগণ যেন তথ্য পাওয়া এবং প্রকল্প থেকে বঞ্চিত না হয়।



## দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগণের বিবরণ প্রস্তুত করা

- চাহিদা নিরূপনের সময়ই যত দ্রুত সম্ভব ক্ষতিগ্রস্ত জনগণের একটি বিবরণ প্রস্তুত করুন।
- তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করুন এবং অবস্থার পরিবর্তন ঘটলে অথবা নতুন তথ্য পাওয়ার সাথে সাথেই তা সংযুক্ত করুন।
- প্রয়োজনে সেকেন্ডারি তথ্যের উৎস হতে অর্থাৎ সরকারি বিভাগ বা অন্যান্য সংস্থার প্রতিবেদন থেকে তথ্য সংগ্রহ করুন।
- কার্যকর সমস্য সাধনের লক্ষ্যে একই কাজে নিয়োজিত সরকারি বিভাগ ও সংস্থার সাথে তথ্য বিনিময় করুন।
- তথ্য সংগ্রহকারী দল গঠনে নারী ও পুরুষ উভয়ের অংশগ্রহণ নিশ্চিত করুন।
- লক্ষ্য রাখবেন নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি, পেশাভিত্তিক দলসমূহ, আদিবাসী, ভৌগোলিকভাবে অধিক ঝুঁকিপূরণ স্থানে বসবাসকারী এবং সামাজিকভাবে উপেক্ষিত জনগণ যেন তথ্য পাওয়া এবং প্রকল্প থেকে বঞ্চিত না হয়।

## জনগণের প্রত্যাশিত পরিবর্তন চিহ্নিত করা

- জনগণের প্রত্যাশিত পরিবর্তনগুলো জানতে নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি, পেশাভিত্তিক দলসমূহ, আদিবাসী, ভৌগোলিকভাবে অধিক ঝুঁকিপূরণ স্থানে বসবাসকারী এবং সামাজিকভাবে উপেক্ষিত জনগনের সাথে আলাদা আলাদাভাবে আলোচনা করুন।
- জনগণের মতামতের ভিত্তিতে প্রকল্পের প্রত্যাশিত ফলাফল বা প্রভাব নির্ধারণ করুন।
- জনগণের প্রত্যাশিত ইতিবাচক পরিবর্তনের আলোকে প্রকল্পের কার্যকারিতা, ফলাফল বা প্রভাব যাচাই ও মূল্যায়নের সূচক বা পরিমাপক নির্ধারণ করুন।
- অর্জিত শিখন লিপিবদ্ধ করুন এবং প্রকল্পের কর্মী ও যথাযথ কর্তৃপক্ষকে অবগত করুন।

